রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২৯, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

## প্রজ্ঞাপন

তারিখ, ১৩ই শ্রাবণ ১৪০৬ বাং/২৮শে জুলাই ১৯৯৯ ইং

এস, আর, ও নং ২২৮-আইন/৯৯/অম/অবি(বাস্তঃ-১)/জাঃবেঃ স্কেল ৫/৯৭/১৯৪—Services (Reorganization and Conditions) Act. 1975 (XXXII of 1975)-এর Section 5এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং এস, আর, ও ২৬৬ আইন/৯৭/অম/অবি (বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-৫/৯৭/২৪৭, তারিখ ৪ঠা অগ্রহায়ণ, ১৪০৪ বাং মোতাবেক ১৮ই নভেম্বর, ১৯৯৭ইং এর মাধ্যমে জারীকৃত চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ নিম্নরূপে অধিকতর সংশোধন করিল, যাহা ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে, যথাঃ—

উপরিউক্ত আদেশের (১) অনুচ্ছেদ ১২ এর উপ-অনুচ্ছেদ (১) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (১ক) সন্নিবেশিত হইবে, যথাঃ—

"(১ক) নিম্নবর্ণিত পদধারীগণ তাহাদের বিপরীত পার্শ্বে উল্লিখিত হারে নিম্নবর্ণিত ভাতাসমূহ প্রাপ্য হইবেন, যথাঃ—

(ক) **বিশেষ ভাতা ঃ**

| | পদের নাম | মাসিক ভাতার হার (টাকা) |
|---|---|---|
| (১) | **আর্মড পুলিশ ব্যাটালিয়ান ঃ** | |
| | এ এস পি<br>(কোয়ার্টার মাষ্টার হিসাবে) | ১২৩.০০ |



মূল্য ঃ টাকা ৩.০০

| | পদের নাম | মাসিক ভাতার হার (টাকা) | |
|---|---|---|---|
| | এ এস পি (এ্যাডজুটেন্ট হিসাবে) | ১২৩.০০ | |
| | হেড কনষ্টেবল (হাবিলদার মেজর ও কোর্য়াটার মাষ্টার হিসাবে) | ২৬.০০ | |
| (২) | জেলা পুলিশ ঃ | | |
| | এ এস পি (সার্কেলের দায়িত্বপ্রাপ্ত) | ১২৩.০০ | |
| (৩) | বিশেষ শাখা এবং জেলা এস, বি ঃ | | |
| | এ, এস, পি | ১৬২.০০ | |
| | পরিদর্শক | ১২৩.০০ | |
| | এস, আই/সার্জেন্ট | ৮৪.০০ | |
| | এ, এস, আই/হেড কনষ্টেবল | ৩২.০০ | |
| | কনষ্টেবল | ১৯.০০ | |
| | গার্ড কনষ্টেবল | ১৯.০০ | |
| (৪) | মেট্রোপলিটন পুলিশ ঃ (এম, পি, এলাউন্স) | | |
| | এস, আই/সার্জেন্ট | ২৬.০০ | |
| | এ, এস, আই | ২৬.০০ | |
| | হেড কনষ্টেবল | ২৬.০০ | |
| | নায়েক | ২৬.০০ | |
| | কনষ্টেবল | ২৬.০০ | |
| (৫) | সি, আই, ডি ঃ | | |
| | এ, এস, পি | ১৬২.০০ | |
| | পরিদর্শক | ১২৩.০০ | |
| | এস, আই | ৮৪.০০ | |
| | এ, এস, আই | ১৯.০০ | |
| | হেড কনষ্টেবল | ১৯.০০ | |
| | কনষ্টেবল | ১৯.০০ | |
| (৬) | প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ ঃ | | |
| | পুলিশ একাডেমী ঃ | | |
| | এ, এস, পি | ১৬২.০০ | শুধুমাত্র অনুমোদিত ইন্সট্রাকটর পদের বিপরীতে প্রাপ্য। |
| | পরিদর্শক | ১২৩.০০ | |
| | এস, আই | ৮৪.০০ | |
| | এ, এস, আই/হেড কনষ্টেবল | ৩২.০০ | |
| (৭) | ডিটেকটিভ ট্রেনিং স্কুল ঃ | | |
| | এ, এস, পি | ১৬২.০০ | |
| | পরিদর্শক | ১২৩.০০ | |
| | এস, আই | ৮৪.০০ | |
| | এ, এস, আই | ১৯.০০ | |

| পদের নাম | মাসিক ভাতার হার (টাকা) | |
|---|---|---|
| (ক) আর্মড পুলিশ ব্যাটালিয়ান ঃ | | |
| এস, পি | ৪০৯.০০ | |
| অতিরিক্ত এস, পি | ৩২৫.০০ | |
| এ, এস, পি | ২৪৭.০০ | |
| (খ) *এ্যাকটিং এলাউন্স ঃ (আর্মড পুলিশ ব্যাটালিয়ান এর জন্য) | | |
| পরিদর্শক | ৮৪.০০ | |
| হেড কনষ্টেবল | ১৯.০০ | |
| *একজন এস, আই যখন একজন পরিদর্শকের স্থলে এবং একজন হেড কনষ্টেবল যখন একজন এস, আই এর স্থলে ৩০ দিনের অধিক দায়িত্ব পালন করিবেন তখন এই ভাতা প্রাপ্য হইবেন। | | |
| (গ) নিঃশর্ত যাতায়াত ভাতা ঃ (স্পেশাল ব্রাঞ্চ এবং জেলা এস, বি) | | |
| পরিদর্শক | ৮৪.০০ | (ঢাকা এবং চট্টগ্রামের পরিদর্শক এবং এস, আইগণের জন্য যাহাদের কেবলমাত্র বহিরাংগন দায়িত্ব দেওয়া হয়)। |
| এস, আই/সার্জেন্ট | ৮৪.০০ | |
| সি, আই, ডিঃ | | |
| পরিদর্শক | ৮৪.০০ | ঐ |
| এস, আই/সার্জেন্ট | ৮৪.০০ | ঐ |
| (ঘ) টেলিকম এলাউন্স ঃ | | |
| এ, এস, পি | ১৬২.০০ | |
| পরিদর্শক | ১২৩.০০ | |
| এস, আই | ৮৪.০০ | |
| এ, এস, আই | ৫২.০০ | |
| হেড কনষ্টেবল | ৫২.০০ | |
| কনষ্টেবল | ৪৫.০০ | |
| (ঙ) মাউন্টেড পুলিশ এলাউন্স ঃ মেট্রোপলিটন পুলিশ ঃ | | |
| হেড কনষ্টেবল | ১৯.০০ | |
| কনষ্টেবল | ১৯.০০ | |
| (চ) পি, বি, এক্স এলাউন্স ঃ | | |
| এ, এস, আই | ৩২.০০ | |
| কনষ্টেবল | ১৯.০০ | |

| পদের নাম | | মাসিক ভাতার হার (টাকা) |
|---|---|---|
| (ছ) মোটর সাইকেল ভাতা ঃ | | |
| এস, আই এবং সকল ইউনিটের সার্জেন্টগণ | ৯৭.০০ | |
| (জ) সশস্ত্র শাখা ভাতা ঃ | | |
| সশস্ত্র শাখার কনষ্টেবলগণ | ৬.০০ | |
| (ঝ) কিট ভাতা (সকল পোশাকধারী শাখার জন্য) ঃ | | |
| অতিরিক্ত এস পি এবং তদূর্দ্ধ | বাৎসরিক নবায়ন মঞ্জুরী | ১৪৬২.০০ |
| এ, এস, পি | প্রারম্ভিক মঞ্জুরী | ৪৮৭৫.০০ * |
| | বাৎসরিক নবায়ন মঞ্জুরী | ১৪৬২.০০ |
| পরিদর্শক (আর্মড পুলিশ ব্যাটালিয়ানের পরিদর্শক ব্যতীত) | প্রারম্ভিক মঞ্জুরী | ২৪৩৭.০০* |
| | বাৎসরিক নবায়ন মঞ্জুরী | ৯৭৫.০০ |

ব্যাখ্যা।—*(১)একজন কর্মকর্তা সমগ্র চাকুরী জীবনে শুধু একবারই প্রারম্ভিক মঞ্জুরী প্রাপ্য হইবেন। একজন কর্মকর্তা যিনি পূর্বে ইহা গ্রহণ করিয়াছেন তিনি পুনরায় উহা প্রাপ্য হইবেন না, তবে যদি একজন কর্মকর্তা পদোন্নতির কারণে উচ্চতর প্রারম্ভিক মঞ্জুরী প্রাপ্য হন, তাহা হইলে তিনি উচ্চ ও নিম্ন হারের পার্থক্যটুকু পদোন্নতির পর গ্রহণ করিতে পারিবেন।

(২) একজন পুলিশ কর্মকর্তা (পরিদর্শক এবং তদূর্দ্ধ) যখন কোন সাধারণ পোশাকধারী শাখায় (ডি, এস, বি এবং এস, বি/সি, আই, ডি) নিযুক্ত হন তখন তিনি—

(ক) সচরাচর প্রাপ্য কিট ভাতা (kit allowance) যাহা পোশাকধারী শাখায় তাহার সম-পর্যায়ের সহকর্মী পাইয়া থাকেন তাহা প্রাপ্য হইবেন; এবং

(খ) পোশাকধারী শাখায় তাঁহার সমপর্যায়ের কর্মকর্তার প্রাপ্য নবায়ন পোশাক ভাতার অর্দ্ধেক তিনি প্রাপ্য হইবেন। তবে যদি বৎসরের যে কোন সময় সাধারণ পোশাক শাখা হইতে পোশাকধারী শাখায় বদলী হন তাহা হইলে পোশাকধারী শাখায় প্রাপ্য নবায়ন ভাতা ও সাধারণ পোশাকে উত্তোলিত ভাতার পার্থক্যটুকু প্রাপ্য হইবেন।

| | | মাসিক ভাতার হার (টাকা) |
|---|---|---|
| (ঞ) কিট ভাতাঃ | | |
| এস,বি/ডি,এস,বি/সি,আই,ডি/ডি,টি,এসঃ এস,আই | প্রারম্ভিক মঞ্জুরী | ৮১২.০০ |
| | বাৎসরিক নবায়ন মঞ্জুরী | ৪০৯.০০ |
| এ, এস,আই/হেড কনষ্টেবল/ সকল ইউনিটের কনষ্টেবল | প্রারম্ভিক | ৫৭২.০০ |
| | বাৎসরিক | ৩২৫.০০ |

মাসিক ভাতার হার (টাকা)

(ট) ধোলাই এবং চুল কাটা ভাতাঃ
সকল ইউনিটের এস.আই/সার্জেন্ট হইতে কনষ্টেবল পর্যন্ত ২৬.০০

(ঠ) ট্রাফিক এলাউন্সঃ
ট্রাফিকের হেড কনষ্টেবল ১৯.০০
ট্রাফিক কনষ্টেবল ১৩.০০

(ড) ড্রাইভিং এলাউন্সঃ
সকল ড্রাইভার কনষ্টেবল ২৬.০০

(ঢ) ক্লিনার এলাউন্সঃ
সকল ক্লিনার কনষ্টেবল ১৩.০০

(ণ) আর্মারার এলাউন্সঃ
সকল আর্মারার কনষ্টেবল ১৩.০০

(ত) বিউগলার এলাউন্সঃ
সকল বিউগলার কনষ্টেবল ৬.০০

(থ) নার্সিং এলাউন্সঃ
সকল নার্সিং কনষ্টেবল ১৩.০০।";

(২) অনুচ্ছেদ ১৩ এর বিদ্যমান বিধানাবলী উক্ত অনুচ্ছেদের উপ-অনুচ্ছেদ (১) রূপে পুনর্সংখ্যায়িত হইবে এবং তৎপর নিম্নরূপ নতুন অনুচ্ছেদ (২) সংযোজিত হইবে, যথাঃ—

"(২) (ক) যে সকল বিবাহিত কনষ্টেবলকে বিবাহিত বাসস্থান বরাদ্দ করা হয় নাই এবং ব্যারাকেও অবস্থান করেন না, তাহারা নিম্ন সারণীতে উল্লিখিত হারে মাসিক বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথাঃ—

সারণী

| মূল বেতন | বাড়ী ভাড়া ভাতার হার (মাসিক) | |
|---|---|---|
| | ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী এর মেট্রোপলিটন/পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ১৮০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৮৫০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৮০০ |
| টাকা ১৮০১ হইতে ৩৮০০ পর্যন্ত | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৯৯০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৯০০ |
| টাকা ৩৮০১ এবং তদূর্দ্ধ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১৯০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ১৭১০ |

(খ) যে সকল বিবাহিত কনষ্টেবলকে বিবাহিত বাসস্থান বরাদ্দ দেওয়া হয় নাই কিন্তু ব্যারাকে অবস্থান করেন, তাহারা মূল বেতনের ৪০% হারে মাসিক বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন ;

(গ) অবিবাহিত কনষ্টেবল তাহাদের মূল বেতনের-২০% হারে বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন ।" ;

(৩) অনুচ্ছেদ ১৪ এর—

(ক) উপ-অনুচ্ছেদ (১) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (১ক) সন্নিবেশিত হইবে, যথাঃ—

"(১ক) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কনষ্টেবল ব্যতীত, সকল কর্মকর্তা ও কর্মচারী নিম্ন সারণীতে উল্লিখিত হারে মাসিক বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথাঃ—

সারণী

| মূল বেতন | বাড়ী ভাড়া ভাতার হার (মাসিক) | |
|---|---|---|
| | ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী এর মেট্রোপলিটন/পৌর এলাকার জন্য | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ১৮০০ পর্যন্ত | মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৮৫০ | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৮০০ |
| টাকা ১৮০১ হইতে ৩৮০০ পর্যন্ত | মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৯৯০ | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৯০০ |
| টাকা ৩৮০১ হইতে ৯০০০ পর্যন্ত | মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১৯০০ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ১৭১০ |
| টাকা ৯০০১ এবং তদূর্দ্ধ | মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৪০৫০ | মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৩৬০০, |

(খ) উপ-অনুচ্ছেদ (৩) এর "৩০শে জুন, ১৯৯৯ পর্যন্ত" সংখ্যাগলি, শব্দগুলি ও কমা বিলুপ্ত হইবে;

(গ) উপ-অনুচ্ছেদ(৪) এর "অপরজন ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্য অংকে ৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন" শব্দগুলি, সংখ্যাগুলি ও কমাগুলির পরিবর্তে "অপরজন উপ-অনুচ্ছেদ (১ক) মোতাবেক বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন" শব্দগুলি, বন্ধনীগুলি, সংখ্যা ও অক্ষর প্রতিস্থাপিত হইবে।";

(৪) অনুচ্ছেদ ১৬ এর—

(ক) উপ-অনুচ্ছেদ (১) এর "চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন" শব্দগুলির পর "এবং ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে মাসিক ২০০ টাকা হারে উক্ত ভাতা প্রাপ্য হইবেন" শব্দগুলি, সংখ্যাগুলি ও কমা সংযোজিত হইবে ;

(খ) উপ-অনুচ্ছেদ (২) এর "৩০শে জুন, ১৯৯৯ তারিখ পর্যন্ত বহাল থাকিবে" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে "পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত বহাল থাকিবে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।";

(৫) অনুচ্ছেদ ১৭ এর—

(ক) উপ-অনুচ্ছেদ (১) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (১ক) সন্নিবেশিত হইবে, যথাঃ—

"(১ক) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ১১নং স্কেল হইতে ২০ নং স্কেলের (টাকা ২৫৫০—৫৫০৫ হইতে টাকা ১৫০০—২৪০০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল বা সিলেট এর সিটি কর্পোরেশন/পৌর এলাকায় অবস্থিত হইলে তিনি মাসিক ৮০ টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।";

(খ) উপ-অনুচ্ছেদ (২) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (২ক) সন্নিবেশিত হইবে, যথাঃ—

"(২ক) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ তে উচ্চতর স্কেল (টাইম স্কেল) হিসাবে যিনি টাকা ৩৪০০—৬৬২৫ অথবা টাকা ৪৩০০—৭৭৪০ অথবা টাকা ৪৮০০—৮১৬০ স্কেলে বেতন আহরণ করিবেন, তিনিও উপ-অনুচ্ছেদ (১ক) এ বর্ণিত যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।";

(৬) অনুচ্ছেদ ১৮ক এর পর নিম্নরূপ অনুচ্ছেদ ১৮খ সন্নিবেশিত হইবে, যথাঃ—

"১৮খ। **শ্রান্তি বিনোদন ভাতা**।—প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারী Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 এর বিধান অনুযায়ী শ্রান্তি বিনোদন ভাতা প্রাপ্য হইবেন।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মানিক লাল সমদ্দার
অতিরিক্ত সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।